



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশাসন/মানিকগঞ্জ-১১/

২৫৬/৭

তারিখঃ ১৬.০৫.২০১৯খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ রাজিবুল হাসান রাজিব এর পদ বাতিলকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/মানিকগঞ্জ-১১/৩০৪৫/৭; তারিখঃ ১২.০৭.২০১৮খ্রিঃ  
২) স্মারক নং- ০৫.৩০.৫৬০০.২০৪.২০.০৫২.১৮-২৭৭; তারিখঃ ০৫ এপ্রিল ২০১৮খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলাধীন ঝিটকা গাউছুল আজম হযরত আব্দুল কাদের জিলানী (র:) দাখিল মাদ্রাসার সভাপতি পদ হতে জনাব মোঃ রাজিবুল হাসান রাজিবকে অব্যাহতি প্রদানের জন্য জেলা প্রশাসক, মানিকগঞ্জ সূত্রে উল্লিখিত ২নং স্মারকে অত্র বোর্ডে পত্র প্রেরণ করেন। পত্রে জনাব মোঃ রাজিবুল হাসান রাজিব এর বিরুদ্ধে অপহরণের মাধ্যমে চাঁদা আদায় ও অবৈধ অস্ত্র রাখার অপরাধে র্যাব কর্তৃক গ্রেফতার হওয়া এবং পরবর্তীতে হরিরামপুর থানায় ০৮/৩৮ নং মামলা রুজু হওয়ার বিষয় উল্লেখ করা হয়। এছাড়া এ ধরণের দুর্নীতি, চাঁদাবাজী, অপহরণ ও সন্ত্রাসীর অভিযোগে অভিযুক্ত ব্যক্তি একটি প্রতিষ্ঠানের সভাপতি থাকলে কোমলমতি ছাত্র-ছাত্রীদের মনে ভয়-ভীতির সঞ্চার হবে এবং শিক্ষার পরিবেশ চরমভাবে ব্যহত হবে বিধায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

জেলা প্রশাসক, মানিকগঞ্জ কর্তৃক প্রেরিত পত্রের মর্মানুযায়ী ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-১১ মোতাবেক জনাব মোঃ রাজিবুল হাসান রাজিব কমিটির সদস্য হওয়ার যোগ্যতা হারিয়েছেন মর্মে বোর্ড কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ রাজিবুল হাসান রাজিব এর পদ কেন বাতিল করা হবে না মর্মে সূত্রোক্ত ১নং স্মারকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। সভাপতি জনাব মোঃ রাজিবুল হাসান রাজিব অত্র বোর্ড কর্তৃক রেজিস্ট্রি ডাকে প্রেরিত কারণ দর্শানো পত্র গ্রহণ করেননি এবং কোন জবাবও দাখিল করেন নাই বিধায় তার সভাপতি পদ বাতিলের ক্ষেত্রে কোন আপত্তি নেই মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/২২৪১৭১১০৯৪৫১/৪৭৯৩/নথি নং-১১; তারিখঃ ২৪-০১-২০১৮খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ রাজিবুল হাসান রাজিব এর পদ এতদ্বারা বাতিল করা হলো। মাদ্রাসার সুপারকে কমিটির অবিশিষ্ট মেয়াদের জন্য প্রবিধানমালা- ৮(৫) অনুসারে সভাপতি নির্বাচনপূর্বক অনুমোদনের জন্য বোর্ডে কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

স্বাক্ষরঃ সুপার, ঝিটকা গাউছুল আজম হযরত আব্দুল কাদের জিলানী (র:) দাখিল মাদ্রাসা  
হরিরামপুর, মানিকগঞ্জ।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/মানিকগঞ্জ-১১/

তারিখঃ .০৫.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ।
৪. সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, ঝিটকা গাউছুল আজম হযরত আব্দুল কাদের জিলানী (র:) দাখিল মাদ্রাসা, হরিরামপুর, মানিকগঞ্জ।
৫. জনাব মোঃ রাজিবুল হাসান রাজিব, সভাপতি (বাতিলকৃত)- ম্যানেজিং কমিটি, ঝিটকা গাউছুল আজম হযরত আব্দুল কাদের জিলানী (র:) দাখিল মাদ্রাসা, হরিরামপুর, মানিকগঞ্জ।
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪